

৪ ঘণ্টা পর মুক্ত বেরোবির উপাচার্য

রংপুর প্রতিনিধি

চাকরি স্থায়ীকরণ এবং বকেয়া বেতন-ভাতার দাবিতে রংপুর বেপম রোকেরা বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য বিকাল ৪টা থেকে টানা চার ঘণ্টার বেশি সময় অবরুদ্ধ থাকার পর মুক্ত হয়েছেন।

মঙ্গলবার রাত পৌষ ৮টার দিকে সাবেক উপাচার্য আব্দুল জলিল মিয়ার আমলে নিয়োগ পাওয়া আন্দোলনকারী শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীরা প্রশাসনিক ভবনের গেট বুলে দিলে মুক্ত হন উপাচার্য ও আটকেপড়া কয়েকজন শিক্ষক।

আন্দোলনকারীদের নেতা আবুল কালাম আজাদ জানান, উপাচার্য তাদের দাবি মেনে নিয়ে ক্রীত এ বিষয়ে উদ্যোগ গ্রহণের আশ্বাস দিলে তারা উপাচার্যকে মুক্ত করে দেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নূর উন নবী জানান, অভিরিক্ত নিয়োগ পাওয়াদের বেতন-ভাতা বিষয়ে তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণের চেষ্টা করবেন।

মঙ্গলবার বিকালে বকেয়া বেতন-ভাতার দাবিতে উপাচার্য ও বেশ কয়েকজন শিক্ষক কর্মকর্তাকে তার কার্যালয়ে অবরুদ্ধ রেখে প্রশাসনিক ভবনের দুপার্শের গেটে তাল লাগিয়ে দেয় আন্দোলনকারীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বেপম রোকেরা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠাকাল থেকে এ পর্যন্ত ২৬১টি পদের অনুমোদন দেয়া হয়েছে। এর বিপরীতে নিয়োগ দেয়া হয়েছে ৬৭৪ জনকে। সাবেক উপাচার্য প্রফেসর আব্দুল জলিল মিয়া এই নিয়োগ দেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সূত্রে জানা গেছে, ২৬১ পদের বিপরীতে যে অর্থ বরাদ্দ দেয়া হয় তা দিয়ে ৬৭৪ জনকে নিয়মিত বেতন দেয়ায় সমুদয় অর্থ গড় তিন মাস আগেই শেষ হয়ে গেছে। ফলে এখন অভিরিক্ত নিয়োগপ্রাপ্তরা কেউ বেতন-ভাতা পাচ্ছেন না।